রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২০ সনের ৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২০, ২০২০

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৫৩—১৬০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫৩—১৮৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ১—২৪ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৯—১৯৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ অগ্রহায়ণ, ১৪২৬/১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০১.১৯(বিমা)-৫৩২**—যেহেতু, জনাব এম এম মহিউদ্দিন কবীর মাহিন (পরিচিতি নম্বর: ১৫১৯৯), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বিআরটিএ, ঢাকা গত ১৬-১০-২০১৭ তারিখে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে বিআরটিএ- তে যোগদান করেন এবং যোগদানের পর থেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে প্রায়শই অফিসে অনুপস্থিত থাকেন। তাঁর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি মোবাইল ফোন রিসিভ করেন না। তাঁর এহেন অননুমোদিত অনুপস্থিতির কারণে দাপ্তরিক কাজে ব্যাঘাত সৃষ্টি হয়। তিনি সর্বশেষ আগস্ট, ২০১৮ পর্যন্ত বেতন ভাতাদি উত্তোলন করেন। সে হিসেবে তিনি বেতন ভাতাদি উত্তোলনের জন্য অফিসে আসা ব্যাতিত ১৭-১০-২০১৭ তারিখ হতে ছুটি ছাড়া বা কোন যুক্তিসংগত কারণ ব্যতীত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত হন। এ কারণে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ২৮-০৪-২০১৯ তারিখে ০৫.০০. ০০০০. ১৮৩.২৭.০০১.১৯ (বিমা)-১৮০ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি ২৮-০৪-২০১৯ তারিখের কৈফিয়তের জবাব দাখিল না করায় অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় বেগম নূর্সিয়া কমল (পরিচিতি নম্বর: ৬৬৯৯), পরিকল্পনা-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ১১-১১-২০১৯ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে প্রদত্ত মতামতে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তা এম এম মহিউদ্দিন কবির মাহিন (পরিচিত নম্বর ১৫১৯৯) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগের মধ্যে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

সেহেতু, জনাব এম এম মহিউদ্দিন কবীর মাহিন (পরিচিতি নম্বরঃ ১৫১৯৯), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বিআরটিএ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় নিয়ে একই বিধিমালার বিধি ৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪২৬/২৮ নভেম্বর, ২০১৯

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৫.২০১৭-৬০২**— বেগম নাজমুন নাহার মান্নু (পরিচিতি নং-৬৩৩৪), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব) জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২২-০৯-২০১৪ হতে ২১-০৭-২০১৬ তারিখ পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপপরিচালকের (উপসচিব) দায়িত্বে থাকাকালে তার পুরাতন কর্মস্থলের লোকজন প্রতিদিনই ব্যুরোতে এসে চাকরির প্রলোভন দেখিয়ে তাদের কাছ থেকে তার গৃহীত অর্থ ফেরৎ পাওয়ার জন্য মৌখিক ও লিখিত অভিযোগ দাখিল করেন। এই অভিযোগের ভিত্তিতে পাওনাদারদের পাওনা অর্থ পরিশোধের জন্য তাকে বারবার মৌখিক তাগিদ দেওয়া সত্ত্বেও তিনি তাদের অর্থ পরিশোধ করেন নি, বরং পাওনাদারদের হাত থেকে রেহাই পেতে বিভিন্ন অজুহাতে অধিকাংশ সময় অফিসের বাইরে অবস্থান করেছেন। ফলশ্রুতিতে দাপ্তরিক দায়িত্ব যথাযথভাবে পালন করেন নি এবং এতে অফিসে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হওয়ার সাথে সাথে অফিসের স্বাভাবিক কাজের পরিবেশ বিঘ্নিত হয়;

২। যেহেতু, তিনি ২০১৩ সালে নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হিসেবে কর্মকালে পিয়নের চাকুরি দেওয়ার মিথ্যা প্রলোভন দেখিয়ে জনাব মোঃ রফিকুল ইসলাম (মোবাইল ০১৭১৬৬৩০৯২১)-এর নিকট থেকে ৫,০২,০০০ টাকা, সেলিনা পারভিন (মোবাইল ০১৭২৩-৯১৮১০৬)-এর কাছ থেকে ৩,০০,০০০ টাকা, জনাব মোঃ ফয়জুল ইসলাম (মোবা ০১৭২৮-৯২৯৭৯৩)-এর কাছ থেকে ১,৯০,০০০ টাকা গ্রহণ করেও তাকে চাকরি দেন নি। তিনি নরসিংদী জেলা পরিষদে কর্মকালে জনাব মোঃ ইব্রাহিম খলিল (মোবা ০১৯১১৪০৩৬০৩)-এর ছেলে জনাব মোঃ রাসেল মিয়া-কে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে এম.এল.এল.এস. পদে চাকরি দেওয়ার প্রলোভন দেখিয়ে ১,৪৩,০০০ টাকা, জনাব মোঃ হেদায়েতুল ইসলাম (মোবা ০১৭১৫৭১১৪১২)-এর ছোট ভাই নোমান হোসেন- কে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চাকরির প্রলোভন দেখিয়ে ২,০০,০০০ টাকা গ্রহণ করে চাকরি দেন নি এবং পাওনা টাকাও ফেরত প্রদান করেন নি। তিনি শিক্ষা মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব থাকা অবস্থায় খন্দকার টোলা মুন্সি পাড়া বালিকা দাখিল মাদ্রাসা এমপিওভুক্ত করার প্রলোভন দেখিয়ে জনাব মোঃ আবু বকর সিদ্দিক (শান্তি), (মোবা ০১৭১৩-৮৬২৬৭৩)- এর নিকট থেকে ৪,৫০,০০০ টাকা গ্রহণ করেও উক্ত মাদ্রাসা এমপিওভুক্ত করে দেন নি। জনাব মোঃ গোলাম ছরোয়ার (মোবাঃ ০১৭৪৮-৯১৭৪৯০)-এর নিকট থেকে ৪,৬৯,০০০ টাকা গ্রহণ, জনাব মোঃ আঃ ওয়াদুদ (মোবাইল ০১৮৫১২৬০২৩৩)-এর কাছ থেকে ১,০০,০০০ টাকা গ্রহণ করেও চাকুরি দেন নি। তিনি জনাব মোঃ মকবুল হোসেন (মোবাইল ০১৭১৫-১১৭৪৬৩)-এর নিকট থেকে ৮,৭০,৭০০ টাকা, জনাব মোঃ রাজীব হোসেন (মোবা ০১৮১৯৬০৭৬১৪)-এর কাছ থেকে ১,৫০,০০০ টাকা গ্রহণ করেও বিদেশ পাঠান নি। তিনি ২০১৫ সালে নিজেকে ম্যাজিস্ট্রেট হিসেবে পরিচয় প্রদান করে একটি প্রি ক্যাডেট স্কুলে সরকারি অনুদানের ব্যবস্থার আশ্বাস দিয়ে মোসাম্মৎ আসমা, শিবপুর, নরসিংদী এর নিকট থেকে ৩৫,০০০ টাকা গ্রহণ করেও কোন অনুদানের ব্যবস্থা করেন নি। টাকা ফেরত পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃপক্ষ বরাবরে প্রত্যেকে লিখিত অভিযোগ দাখিল করেন;

০৩। যেহেতু, তিনি গত ০৮-১২-২০১৪ তারিখ আইএফআইসি ব্যাংক কাওরান বাজার শাখা থেকে মাসিক কিস্তিতে (টাঃ ১৬,৭৫৭) পরিশোধযোগ্য হিসেবে ৭,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। পরবর্তিতে নিয়ম মাফিক ঋণ পরিশোধ না করায় তাকে কিস্তি প্রদানের জন্য ব্যাংক থেকে বার বার অনুরোধপত্র/তাগাদাপত্র চূড়ান্ত নোটিশ/আইনি নোটিশ দেয়া হলেও তিনি এতে কর্ণপাত করেন নি। পরবর্তীতে ০৮-১১-২০১৬ তারিখ পর্যন্ত তিনি ঋণের মোট ৭,০০,০০০ টাকার মধ্যে ২,১৯,২০৬.১৯ টাকা ব্যাংকে জমা প্রদান করেছেন। অবশিষ্ট পাওনা টাকা পরিশোধ করেন নি বিধায় উক্ত টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ লিখিত অভিযোগ দাখিল করেন।

০৪। উক্ত কার্যকলাপের জন্য বেগম নাজমুন নাহার মান্নু-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

০৫। যেহেতু, বেগম নাজমুন নাহার মান্নু-এর বিরুদ্ধে আনীত অভিযোগে ১৪-০৫-২০১৭ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০০৫.২০১৭-২৩৫ নম্বর স্মারকে কারণ দর্শাতে বলা হলে তিনি গত ২৯-০৬-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ১৭-১০-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করার জন্য জনাব আলম আরা বেগম, অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৭-১০-২০১৯ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে বেগম নাজমুন নাহার মান্নু-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তিনি 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ' এর প্রমাণিত অভিযোগে দন্ড পাওয়ার যোগ্য;

০৬। সেহেতু, বেগম নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪), প্রাক্তন উপপরিচালক (উপসচিব), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে "০২ (দুই) বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" রাখার লঘুদন্ড প্রদান করা হলো। ভবিষ্যৎ বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ফয়েজ আহম্মদ**
সচিব।

**বিধি অনুবিভাগ**
**বিধি-৪ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-২৫৯**—ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর Ministry of Public Administration অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক নিম্নে উল্লিখিত ১১টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/উপনির্বাচন উপলক্ষ্যে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ সোমবার নির্বাচনি এলাকার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন সময়ে (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | রাংগুনিয়া | মরিয়ম নগর | সাধারণ নির্বাচন |
| ২. | | | স্বনির্ভর রাংগুনিয়া | |
| ৩. | ভোলা | চরফ্যাশন | নুরাবাদ | |
| ৪. | | | আহাম্মদপুর | |
| ৫. | কুড়িগ্রাম | উলিপুর | বুড়াবুড়ী | চেয়ারম্যান পদে উপনির্বাচন |
| ৬. | রংপুর | মিঠাপুকুর | কাফ্রিখাল | |
| ৭. | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | রহনপুর | |
| ৮. | কিশোরগঞ্জ | কটিয়াদী | মসূয়া | |
| ৯. | মুন্সীগঞ্জ | গজারিয়া | হোসেন্দী | |
| ১০. | গোপালগঞ্জ | কাশিয়ানী | ফুকরা | |
| ১১. | যশোর | মনিরামপুর | ঢাকুরিয়া | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**দীপংকর বিশ্বাস**
উপসচিব (প্রতিকল্প)।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রিয় ব্যাংক শাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৭ পৌষ ১৪২৬/২২ ডিসেম্বর ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৭২১**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ৯(৩)(সি) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব এ. কে. এম আফতাব উল ইসলাম, এফসিএ- কে তাঁর বর্তমান মেয়াদ সমাপনান্তে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে আরো ৩(তি) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১১ পৌষ ১৪২৬/২৬ ডিসেম্বর ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১০.১৭-৭৩০**—আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(১)(৪) ধারার প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ মানজুরুল আলম- কে তাঁর মেয়াদ বর্তমান সমাপনান্তে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনঃযোগদানের তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ মহিন উদ্দিন**
সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

**নং ০২-সলিসিটর/২০০৯(অংশ-১)-১৪৬**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহকারী অ্যাটর্নি জেনারেল জনাব আবুল হোসেন মোহাম্মদ জিয়া উদ্দীন কর্তৃক দাখিলকৃত পদত্যাগ পত্রটি সরকার পক্ষে গৃহীত হয়েছে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ০২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬৩.১৯.৪৮৯**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ফতেকাটী | ২৫ | ৩৮৮ | কয়রা | খুলনা | |
| ২। | বগা | ৪৪ | ৬৭৫ | কয়রা | খুলনা | |
| ৩। | আন্তাবানিয়া | ৫৮ | ২৬৩ | কয়রা | খুলনা | |
| ৪। | দশহালিয়া | ৬২ | ৪৭৬ | কয়রা | খুলনা | |
| ৫। | দক্ষিণ বেদকাশী | ৭১ | ৩৩৯২ | কয়রা | খুলনা | |
| ৬। | হালিয়া | ৬৬ | ১১০৯ | বটিয়াঘাটা | খুলনা | |
| ৭। | মহাদেবপুর | ১১০ | ৭৬ | ডুমুরিয়া | খুলনা | |
| ৮। | রাজাপুর | ০২ | ১৬৪০ | সরণখোলা | বাগেরহাট | |
| ৯। | মহাদেবনগর | ২৪ | ২২৮০ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | |
| ১০। | কামারবায়সা | ৬১ | ১০৫০ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১১। | গোবিন্দকাটী | ৬৩ | ৯০৩ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১২। | তুজলপুর | ৬৫ | ৪৭৬ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১৩। | ঝাউডাঙ্গা | ৬৭ | ৪৮২ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১৪। | হাজিপুর | ৭০ | ১০৭০ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১৫। | আখড়াখোলা | ৭৭ | ৩৭১ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১৬। | কুলটিয়া | ১২০ | ৩৮৩ | সাতক্ষীরা সদর | খুলনা | |
| ১৭। | কোলা | ১০৬ | ১১৭ | আশাশুনি | খুলনা | |
| ১৮। | মহিষকুড় | ১০০ | ৪০৯ | আশাশুনি | খুলনা | |
| ১৯। | দক্ষিণ একসরা | ১৩০ | ৩৬৩ | আশাশুনি | খুলনা | |
| ২০। | চাকলা তেলীখালী | ১৪৩ | ১০৫০ | আশাশুনি | খুলনা | |
| ২১। | কাকবাসিয়া | ১২০ | ৫২৫ | আশাশুনি | খুলনা | |
| ২২। | হরিণাগাড়ী | ৪৪ | ২২৯ | শ্যামনগর | খুলনা | |
| ২৩। | হাজিপুর | ৫১ | ৫৮৮ | শ্যামনগর | খুলনা | |
| ২৪। | খাগড়াঘাট | ৮৭ | ৬৯৬ | শ্যামনগর | খুলনা | |
| ২৫। | পশ্চিম বিড়ালাক্ষি | ১০৬ | ৫৩৩ | শ্যামনগর | খুলনা | |
| ২৬। | নওয়াবেকী | ১০৮ | ৯৩৪ | শ্যামনগর | খুলনা | |
| ২৭। | কাঁচিহারানিয়া | ১১১ | ৪৬৮ | শ্যামনগর | খুলনা | |
| ২৮। | তুলসীডাঙ্গা | ৫৯ | ১৪২০ | কলারোয়া | খুলনা | মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৪৬১/১২ ও ১৫৮৮৯/ ১৭ নং রিট দায়ের থাকায় রিট সংশ্লিষ্ট ১৬, ৪৯৬, ৫৫৭ নং খতিয়ান ব্যতিত। |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৭.১৩.৪৯০**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | ধুলিকুড়ি | ০১ | ৫৯০ | ভালুকা | ময়মনসিংহ |
| ২ | ভায়াবহ | ১৪ | ৫৪৫ | ভালুকা | ময়মনসিংহ |
| ৩ | মল্লিকবাড়ী | ১৫ | ১৪৭০ | ভালুকা | ময়মনসিংহ |
| ৪ | পাঁচগাঁও | ১৮ | ৮০০ | ভালুকা | ময়মনসিংহ |
| ৫ | কাতলামারী | ২০ | ৫৭৩ | ভালুকা | ময়মনসিংহ |

তারিখ : ০৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/ ২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০৪৯.৩৩.০০০০.২২১.১০ (অংশ-১).৫০২**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | থানা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | বাউনিয়া | ০১ | ২৪৯৫=০১টি | পল্লবী | ঢাকা |
| ২ | তেজগাঁও শিল্প এলাকা | ০৬ | ৭৮=০১টি | তেজগাঁও | ঢাকা |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১১.৫০৩**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | পশারি কাটী | ৬৫ | ৭১৯ | বরিশাল সদর | বরিশাল |
| ২ | চর কাউয়া নয়ানী | ৬৭ | ১০১৩ | বরিশাল সদর | বরিশাল |
| ৩ | হবিনগর | ৭৩ | ৮৮১ | বরিশাল সদর | বরিশাল |
| ৪ | পানবাড়ীয়া | ৮৫ | ৫২৪ | বরিশাল সদর | বরিশাল |
| ৫ | ইছাগুড়া | ১০৫ | ৬৪২ | বরিশাল সদর | বরিশাল |
| ৬ | কুন্দিয়াল পাড়া | ১২১ | ১১৭৭ | বরিশাল সদর | বরিশাল |
| ৭ | সাবুখালী | ১২৫ | ৩৮৫ | বরিশাল সদর | বরিশাল |
| ৮ | স্বস্থল সিংহেরকাটী | ১৩৫ | ৮৮ | বরিশাল সদর | বরিশাল |
| ৯ | রাকুদিয়া | ৪৬ | ২৬৭০ | বাবুগঞ্জ | বরিশাল |
| ১০ | চরগাধাতলী | ৫৫ | ৩৭১ | গৌরনদী | বরিশাল |
| ১১ | তিখাসার | ৬২ | ৬৯০ | গৌরনদী | বরিশাল |
| ১২ | পিজ্ঞালাকাটী | ৮২ | ২৫৭৯ | গৌরনদী | বরিশাল |
| ১৩ | মাহাম্মদ কাটি | ২৮ | ১১০৩ | নেছারাবাদ | পিরোজপুর |
| ১৪ | হোগলাবুনিয়া | ২২ | ৫৮২ | নাজিরপুর | পিরোজপুর |
| ১৫ | উত্তর তারাবুনিয়া | ২৬ | ৭১৭ | নাজিরপুর | পিরোজপুর |
| ১৬ | তারাবুনিয়া | ৪৪ | ৬১৬ | নাজিরপুর | পিরোজপুর |
| ১৭ | গোদারা | ৪৭ | ৭৩০ | নাজিরপুর | পিরোজপুর |
| ১৮ | তেতুঁলবাড়ীয়া | ১১ | ৮৬৫ | মঠবাড়িয়া | পিরোজপুর |
| ১৯ | আজিমপুর | ২ | ১৬৯৮ | মেহিন্দিগঞ্জ | বরিশাল |
| ২০ | পাকুরিতা | ৩৮ | ৫৩৩ | অগৈলঝাড়া | বরিশাল |
| ২১ | পতিহার | ৪৬ | ৮২১ | অগৈলঝাড়া | বরিশাল |
| ২২ | গোপালসেন | ৫৫ | ৩১৩ | অগৈলঝাড়া | বরিশাল |
| ২৩ | ঢাপর | ২ | ২৬৪ | নলছিটি | বরিশাল |
| ২৪ | লক্ষণ কাটী | ৩ | ৩১৬ | নলছিটি | বরিশাল |
| ২৫ | ছোট প্রমহর | ১২ | ৩০৫ | নলছিটি | বরিশাল |
| ২৬ | আহম্মদপুর | ২১ | ১৩৭০ | চরফ্যাশন | বরিশাল |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭.৫০৪**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | নান্দইর | ৯ | ১৯৭ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ২ | মুস্তফাবাদ | ১১ | ২০৯ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৩ | আরাজী ফাজিলপুর | ১৩ | ১৯১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৪ | গদাবাড়ী | ১৫ | ১৫১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৫ | তরঙ্গিণী | ২৭ | ২১৯ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৬ | গুধিপাড়া | ৩৩ | ১৪৩ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৭ | উত্তর বংশীপুর | ৪৬ | ৩৩৯ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৮ | রামজীবনপুর | ৪৮ | ৩৩৪ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৯ | মুজাইতপুর | ৫০ | ২৫৯ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১০ | কিসমত ভূঁইপাড়া | ৭০ | ১৭৩ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১১ | ভাটিনা | ৭৩ | ৩৬৪ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১২ | পূর্ব্ব রামনগর | ৮৩ | ৪৫৮ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১৩ | উত্তর গোপালপুর | ৮৪ | ৫৩৩ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১৪ | উত্তর দেবীপুর | ৮৮ | ২৯৮ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১৫ | পারদিঘন | ৮৯ | ৩১৫ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১৬ | সিন্দুরালী | ১৫৪ | ২৮৬ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১৭ | চক পার্ব্বতীপুর | ১৭৮ | ১২৭ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ১৮ | ভর্নাপাড়া | ৪৩ | ৩৮৩ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ১৯ | কলাবাড়ী | ৫৪ | ২৯৮ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ২০ | আশুড়া | ৭০ | ৮৯ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ২১ | মরিচা | ৭৩ | ১৩৭ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ২২ | বাঁশমুড়ী | ০৩ | ২২১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ২৩ | হরিপাড়া | ০৯ | ৩১৭ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ২৪ | কানাগাড়ী | ১৮ | ১৮৩ | ঘোড়াঘাট | দিনাজপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**মাঠ প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.০৪০.১৮.৯৬৭**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ অধিশাখার ২৭-০৬-২০১৯ তারিখের ০৫.০০. ০০০০. ১৫৬.১৫.০০৯.২০০৫.৮১ নম্বর স্মারক, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ০৮-০৯-২০১৯ তারিখের ০৭.১৫২.০১৫.৩১.০০.০০০.(ভূমি-৩).২০০৫-৭৪ নম্বর স্মারক এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন নতুনভাবে সৃজিত চট্টগ্রাম মহানগর এলাকার বাকলিয়া, কাট্টলী ও পতেঙ্গা রাজস্ব সার্কেল অফিস, চট্টগ্রাম জেলার কর্ণফুলি উপজেলা ভূমি অফিস, সিলেট সিটি-কর্পোরেশন এলাকার মহানগর রাজস্ব সার্কেল ভূমি অফিস ও ওসমানীনগর উপজেলা ভূমি অফিস, বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি, রুমা, থানচি, আলীকদম ও নাইক্ষ্যংছড়ি উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি, কাপ্তাই ও কাউখালী উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি ও লক্ষীছড়ি উপজেলা ভূমি অফিস এবং ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলা ভূমি অফিসের সাংগঠনিক কাঠামোতে ০১টি করে সর্বমোট ১৭টি ডাবল কেবিন পিকআপ অন্তর্ভুক্ত করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

**মোছাম্মাৎ মমতাজ বেগম**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ পৌষ ১৪২৬/১৮ ডিসেম্বর ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৭০.২৮.০৯৪.০৯.৩৯৬**—বাংলাদেশ বিমান বাহিনী অগ্রবর্তী ঘাঁটি (Forward Operational Base) কক্সবাজারের নাম পরিবর্তন করে 'বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি শেখ হাসিনা (BAF BASE SHEIKH HASINA)' নামকরণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুজ্জামান**
উপসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-০৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ পৌষ, ১৪২৬/১৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

**নং ৩৬.০০.০০০০.০৮৬.১৪.০২২.১৯ (অংশ-১).৫১৭**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) কর্তৃক বাস্তবায়নাধীন "রাসায়নিক গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্পের ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট থেকে দাখিলতব্য মূল্য সম্বলিত প্রস্তাব/ টেন্ডার প্রাপ্তির পর মূল্যায়নের নিমিত্ত নিম্নোক্তভাবে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি (টিইসি) গঠন করা হলোঃ

**আহ্বায়ক**

১। পরিচালক (উৎপাদন ও প্রকৌশল), বিএসইসি

**সদস্যবৃন্দ**

২। প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়

৩। প্রতিনিধি, ঢাকা ওয়াসা

৪। প্রধান প্রকৌশলী, বিএসইসি

৫। উপ-প্রধান প্রকৌশলী (পুর), প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ, বিএসইসি

৬। প্রতিনিধি, বিস্ফোরক পরিদপ্তর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

**সদস্য সচিব**

৭। প্রকল্প পরিচালক, 'রাসায়নিক গুদাম নির্মাণ', শীর্ষক প্রকল্প, বিএসইসি

**কমিটির কার্যপরিধি :**

পিপিআর ২০০৮ অনুযায়ী দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য সম্বলিত প্রস্তাব/ টেন্ডার মূল্যায়ন এবং নেগোসিয়েশনের পর চূড়ান্ত সুপারিশ চেয়ারম্যান, বিএসইসি বরাবর প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুঃ নুরুল আমিন খান**
উপ-প্রধান (চঃ দাঃ)।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**সংস্থা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৬/২৪ নভেম্বর ২০১৯

**নং ৫৬.০০.০০০০.০২০.৩১.০১০.১৭.৩৬৩**—বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) পরিচালনার নিমিত্ত নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর কাউন্সিল পুনর্গঠন করা হলো :

**চেয়ারম্যান**

১। মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**ভাইস চেয়ারম্যান**

২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**সদস্যবৃন্দ**

৩। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় অথবা তার প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)

৪। সচিব, পরিকল্পনা বিভাগ অথবা তার প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)

৫। সচিব, অর্থ মন্ত্রণালয় অথবা তার প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)

৬। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স রেগুলেটরি কমিশন (বিটিআরসি)

৭। ম্যানেজিং ডিরেক্টর, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিঃ (বিটিসিএল)

৮। বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট

৯। চেয়ারম্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

১০। সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)

১১। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন ফর সফ্টওয়ার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)

**সদস্য সচিব**

১২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

২। প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোলাম মোহাম্মদ ভূঁইয়া**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখ প্রতিস্থাপিত]**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ পৌষ, ১৪২৬/১৮ ডিসেম্বর, ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-১০৫৪**—ডিএমপির আওতাধীন হাতিরঝিল থানার ডাইরী নং-৬৫৯, তারিখ: ১৪-১২-২০১৯ এ তদন্তপূর্বক প্রসিকিউশন দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-১০৭৪**—চট্টগ্রাম জেলার বোয়ালখালী থানার মামলা নং-০৪, তারিখ:১৪-১২-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে পুলিশের উপর ককটেল নিক্ষেপ করে বিস্ফোরক ঘটিয়ে প্রাণ ও সম্পত্তি বিপন্ন, সন্ত্রাসী কর্মকান্ডের ষড়যন্ত্র, প্রচেষ্টা, সহযোগিতা ও নাশকতার পরিকল্পনা করে রাষ্ট্রের অস্থিতিশীল পরিবেশ তৈরীসহ সন্ত্রাসী কাজে অর্থের যোগান দেওয়ার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ার বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-১০৭৫**—রাজশাহী জেলার গোদাগাড়ী মডেল থানার মামলা নং-২১, তারিখঃ ১৯-০২-২০১৭ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার বিরোধী ও জঙ্গিবাদে উদ্বুদ্ধকরণ বক্তব্য প্রদান করার সহায়তা ও আশ্রয় দেওয়ার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ার বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-১০৭৬**—পিরোজপুর জেলার সদর থানার মামলা নং-১৯, তারিখঃ ১৯-০৭-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের অখন্ডতা, নিরাপত্তা, সার্বভৌমত্ব বিপন্ন করার লক্ষ্যে জনসাধারণেন মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে কিংবা কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে হত্যা, গুরুতর জখম কিংবা সরকারি সম্পত্তির ক্ষতি সাধন ও ধ্বংস করার সক্রিয় ষড়যন্ত্রের অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ার বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানভীর**

সিনিয়র সহকারী সচিব।